

অগ্রণী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

নির্দেশ পরিপত্র নং : বিএসইউসিডি/১৪

তারিখঃ ০৯-০২-২০১৭


মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
সহকারী মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
অগ্রণী ব্যাংক লিমিটেড এর সকল শাখা
বাংলাদেশ।

বিষয়ঃ মেয়াদ পূর্তির পূর্বে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব বন্ধ করার
সুদ হার হ্রাসকরণ প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং-বিসিডি/১৩ তারিখ ২৬-০২-২০০৮, নির্দেশ পরিপত্র নং-বিসিডি/৩৯ তারিখ ২৫-০৫-২০০৮ ও নির্দেশ পরিপত্র নং-সাখবি/০৬ তারিখ ২৯-০১-২০০৯ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বর্ণিত নির্দেশ পরিপত্রসমূহের মাধ্যমে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) এর আওতায় ৫ বছর ও ১০ বছর মেয়াদী হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ এর নির্দেশনা দেয়া হয়েছে। পরবর্তীতে ব্যাংকিং খাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতির প্রেক্ষাপটে আমানতের কতিপয় খাতে সুদের হার হ্রাস করণের প্রয়োজনীয়তা দেখা দেয়। সে প্রেক্ষিতে পরিচালনা পর্ষদের ৪৫৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক নির্দেশ পরিপত্র নং-বিএসইউসিডি/৫২ তারিখ ০৯-০৬-২০১৬ এর মাধ্যমে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব এর সুদ হার হ্রাস করা হয়। বর্ণিত নির্দেশ পরিপত্রে মেয়াদ পূর্তির পূর্বে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব বন্ধ করা হলে কি হারে সুদ প্রদান করা হবে তার নির্দেশনা ছিল না। ১৬-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৮৮তম সভায় স্মারক নং -৪৮/১৭ এর মাধ্যমে মেয়াদ পূর্তির পূর্বে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব বন্ধ/নগদায়ন করা হলে যে হারে সুদ প্রদান করতে হবে তা উপস্থাপন করা হয় সে মোতাবেক পর্ষদ কর্তৃক নিম্নোক্ত শর্তে মেয়াদ পূর্তির পূর্বে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব বন্ধ/নগদায়ন করার নিয়মাবলী অনুমোদন করেনঃ-

ক	হিসাব বন্ধ করার বিপরীতে সার্ভিস চার্জ বাবদ প্রতি ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা আদায়যোগ্য হবে ;
খ	০১(এক) বছর পূর্ণ হবার পূর্বে গ্রাহক কর্তৃক হিসাব বন্ধের আবেদন করা হলে কেবলমাত্র জমাকৃত মূল টাকা ফেরৎ পাবেন ;
গ	হিসাবের মেয়াদ ০১(এক) বছরের অধিক কিন্তু ০৩(তিন) বছর পর্যন্ত গ্রাহক জমাকৃত টাকার উপর ৩% সরল সুদসহ আসল টাকা ফেরৎ পাবেন ;
ঘ	হিসাবের মেয়াদ ০৩(তিন) বছরের অধিক কিন্তু ০৫(পাঁচ) বছরের কম হলে গ্রাহক কর্তৃক জমাকৃত টাকার উপর ৪% সরল সুদসহ আসল টাকা ফেরৎ পাবেন এবং
ঙ	১০(দশ) বছর মেয়াদী হিসাবের মেয়াদ ০৫(পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ১০(দশ) বছরের কম হলে গ্রাহক কর্তৃক জমাকৃত টাকার উপর ৫% সরল সুদসহ আসল টাকা ফেরৎ পাবেন।
চ	হিসাবের অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, মেয়াদ পূর্তির পূর্বে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব বন্ধ/নগদায়ন করার উপরোক্ত নিয়মাবলী পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া গেল। বর্ণিত নিয়মাবলী ০৯-০২-২০১৭ তারিখ হতে কার্যকর হবে।


(সুলতানা মোর্শেদা)
উপ-মহাব্যবস্থাপক

e-mail:dgmbcd@agranibank.org


(পঙ্কজ রায় চৌধুরী)
মহাব্যবস্থাপক

e-mail:gmcamlco@agranibank.org

সূচীঃ

ম = মেয়াদ পূর্তির পূর্বে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব বন্ধ করার সুদ হার হ্রাসকরণ।
স = সুদ হার হ্রাসকরণ মেয়াদ পূর্তির পূর্বে অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম(ABS) হিসাব বন্ধ করা।

- ১। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড।
- ৪। উপ-মহাব্যবস্থাপক ও পরিচালক, এইচআর ট্রেনিং, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন, অগ্রণী ব্যাংক লিমিটেড, সাত মসজিদ রোড, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় প্রধান, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সকল অঞ্চল প্রধান, অগ্রণী ব্যাংক লিমিটেড।
- ৭। অফিস কপি